# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৪০

১/ পবিত্রতা (كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ১২৯. জুমুআর দিনের গোসল সম্পর্কে।

باب فِي الْغُسْلِ يَوْمَ الْجُمُعَةِ

আরবী

حَدَّثَنَا أَبُو تَوْبَةَ الرَّبِيعُ بْنُ نَافِعٍ، أَخْبَرَنَا مُعَاوِيَةُ، عَنْ يَحْيَى، أَخْبَرَنَا أَبُو سَلَمَةَ بْنُ عَبْدِ الرَّحْمَنِ، أَنَّ أَبَا هُرَيْرَةَ، أَخْبَرَهُ أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ بَيْنَا هُوَ يَخْطُبُ يَوْمَ الْجُمُعَةِ إِذْ دَخَلَ رَجُلٌ فَقَالَ عُمَرُ أَتَحْتَبِسُونَ عَنِ الصَّلاَةِ فَقَالَ الرَّجُلُ مَا هُوَ إِلاَّ أَنْ سَمِعْتُ النِّدَاءَ فَتَوَضَّأْتُ . فَقَالَ عُمَرُ وَالْوُضُوءَ أَيْضًا أَوَلَمْ تَسْمَعُوا رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " إِذَا أَتَى أَحَدُكُمُ الْجُمُعَةَ فَلْيَغْتَسِلْ " .

বাংলা

৩৪০. আবূ তাওবা আর-রবী ইবনু নাফে ..... আব্দুর রহমান (রহঃ) থেকে আবূ হুরায়রা (রাঃ) এর সূত্রে বর্ণিত। তিনি বলেন, আবূ হুরায়রা (রাঃ) আবূ সালামাকে অবহিত করেন যে, একদিন উমার ইবনুল খাত্তাব (রাঃ) জুমুআর খুৎবা দিচ্ছিলেন। এমন সময় সেখানে এক ব্যক্তি প্রবেশ করে। উমার (রাঃ) তাকে জিজ্ঞাসা করেন, জুমুআর নামাযের জন্য সঠিক সময়ে উপস্থিত হওয়ায় কিসে তোমাকে বাধা দিল? আগন্তুক (উছমান) বিনয়ের সাথে বলেন, নামাযের জন্য সঠিক সময়ে আগমনে আমাকে কিছু বাধা দেয়নি। আমি আযান শুনার পর উযূ (ওজু/অজু/অযু) করে আসতে যতটুকু বিলম্ব হয়েছে। উমার (রাঃ) বলেন, তুমি কি কেবল উযূই করেছ? তুমি কি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুননি ’যখন তোমাদের কেউ জুমুআর নামায আদায়ের ইরাদা করবে সে যেন গোসল করে।

## English

Abu Hurairah said:
While 'Umar b. al-Khattab was making a speech on Friday (in the mosque), a man came in. 'Umar said: Are you detained from prayer ? The man said: As soon as I heard the call for prayer, I perfumed ablution. Then 'Umar said: Only ablution ? Did you not hear the Messenger of Allah (ﷺ) say: When any

one of you comes for Friday (prayer) he should take a bath.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=16763

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন